

আপনার কি টিভি লাইসেন্স আছে?

কি কি সামগ্রীর জন্য আপনার টিভি লাইসেন্স থাকতে হবে?

টেলিভিশন প্রোগ্রাম দেখা অথবা টিভি তে দেখার সময় প্রোগ্রাম রেকর্ড করার জন্য আপনি যে সরঞ্জামই ব্যবহার করুন না কেন, আপনার টিভির লাইসেন্স প্রয়োজন। এই সরঞ্জামের মধ্যে আছে টিভি, কমপিউটার, মোবাইল ফোন, গেমস্ কনসোল, ডিজিটাল বক্স এবং ডি.ভি.ডি/ভি.এইচ.এস. রেকর্ডার।

এবং আপনি কি জানেন যে, বৈধ টি.ভি লাইসেন্স ছাড়া টেলিভিশন দেখছেন ধরতে পারলে, আপনাকে কোর্টে নিয়ে যাওয়া হতে পারে এবং 1,000 পাউণ্ড পর্যন্ত জরিমানা করা হতে পারে?

তাই যদি আপনি টেলিভিশনের অনুষ্ঠান দেখেন অথবা রেকর্ড করেন, তাহলে আপনার এখনই একটি লাইসেন্স কেনা প্রয়োজন। টি.ভি লাইসেন্সের পয়সা পরিশোধ করার বিভিন্ন উপায় সম্পর্কে জানার জন্য অনুগ্রহ করে "কিভাবে লাইসেন্স খরিদ করতে হয়" অংশটি দেখুন।

শুধু ইউ.কে'র বাইরের স্যাটেলাইট প্রোগ্রাম দেখেন?

এর পরেও আপনার টি.ভি লাইসেন্স লাগবে, এমন কি কেবলমাত্র ইউ.কে-র বাইরে থেকে সম্প্রচারিত অনুষ্ঠান দেখলে বা রেকর্ড করলেও আপনার লাইসেন্স থাকতে হবে।

সাপ্তাহিক কিস্তিতে টিভি লাইসেন্স ফি পরিশোধ করলে কি আপনার জন্য ভাল হবে?

আপনার টিভি লাইসেন্সের ফি সাপ্তাহিক ভাবে পরিশোধ করতে চাইলে আপনি টিভি লাইসেন্সিং পেমেণ্ট কার্ড পদ্ধতিতে সর্বনিম্ন 5 পাউণ্ড 60 পেনি করে কিস্তিতে তা পরিশোধ করে যেতে পারবেন। অনুগ্রহ করে এই নাম্বারে ফোন করবেন: 0300 555 3456।

সম্প্রতি বাড়ি বদলেছেন?

যদি আপনি একটি নতুন বাড়িতে এসে থাকেন এবং আপনার পুরোনো ঠিকানায় লাইসেন্স থাকে, তাহলে অনুগ্রহ করে www.tvlicensing.co.uk/moving ওয়েবসাইট-এ এসে অথবা 0300 790 6044 নম্বরে টেলিফোন করে আমাদের জানান।

আপনি কি ছাড় পেতে পারেন?

আপনি অথবা আপনি যাঁদের সঙ্গে বাস করেন তাঁদের কেউ কি:

- **75 বছর** অথবা তার বেশি বয়সী? তাহলে আপনি বিনামূল্যে টিভি লাইসেন্স পাওয়ার যোগ্য হতে পারেন। আবেদন করার জন্য শুধু অনলাইন-এ যান অথবা এখনই আমাদের 0300 790 6044 নম্বরে টেলিফোন করুন।
- **74 বছর** বয়সী? আপনার 75তম জন্মদিন পর্যন্ত লাইসেন্স রাখতে আপনি একটি স্বল্পমেয়াদী টিভি লাইসেন্স এর জন্য আবেদন করতে পারেন।
- **অন্ধ** অথবা আপনার দৃষ্টিশক্তি খুবই দুর্বল? তাহলে আপনি **50%** ছাড় পাওয়ার যোগ্য হতে পারেন। আবেদন করার জন্য অনলাইন-এ যান অথবা আপনার অন্ধত্ব নিবন্ধীকরণ নথির একটি ফোটোকপি – অথবা আপনার চক্ষু-চিকিৎসকের দেওয়া একটি সার্টিফিকেট – আপনার লাইসেন্স নম্বর, টেলিফোন নম্বর এবং চেক এ অর্থপ্রদানের প্রমাণসহ ডাকযোগে TV Licensing, Blind Concession Group, Bristol BS98 1TL ঠিকানায় পাঠান।

লাইসেন্স এর প্রয়োজন নেই?

যদি আপনি টিভি তে দেখানোর সময় টেলিভিশন প্রোগ্রাম না দেখেন অথবা না শোনেন - তা টিভি, কমপিউটার, মোবাইল ফোন, গেমস্ কনসোল, ডিজিটাল বক্স, ডি.ভি.ডি/ভি.এইচ.এস. রেকর্ডার অথবা অন্য যে কোনো সরঞ্জামের মাধ্যমেই হোক না কেন - তাহলে আপনার টিভি লাইসেন্স এর প্রয়োজন হবে না। অনুগ্রহ করে www.tvlicensing.co.uk/noTV-তে অথবা 0300 790 6044 নম্বরে ফোন করে আমাদের জানান।

কীভাবে লাইসেন্স কিনবেন।

একটি রঙিন টি.ভি লাইসেন্স এর মূল্য মাত্র £145.50 (সাদাকালো টেলিভিশনের লাইসেন্স £49.00 পেনি)। অনেক উপায়ে পয়সা পরিশোধ করা যায় নিম্নলিখিত পদ্ধতিসমূহ থেকে আপনার সুবিধা মতো যে কোন একটি পদ্ধতি বেছে নিন:



ওনলাইনে। আপনি www.tvlicensing.co.uk-এই ওয়েবসাইটে গিয়ে ওনলাইনে পয়সা পরিশোধ করতে পারবেন। ওনলাইনে পরিশোধ করতে হলে আপনার ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ড সামনে রাখতে হবে।



আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে **ডাইরেক্ট ডেবিট** এর মাধ্যমে। আপনি মাসিক, ত্রৈমাসিক অথবা বার্ষিক ভিত্তিতে অর্থ দিতে পারেন। ডাইরেক্ট ডেবিট এর মাধ্যমে অর্থ দেওয়ার ব্যবস্থা করতে আপনার ব্যাঙ্ক এর বিস্তারিত তথ্য হাতের কাছে নিয়ে শুধু www.tvlicensing.co.uk/dd-এ আসুন অথবা 0300 790 6044 নম্বরে টেলিফোন করুন।



ডেবিট/ক্রেডিট কার্ড দিয়ে। ডেবিট/ক্রেডিট কার্ড, যেমন - Maestro, Delta, Solo, Visa, Visa Electron অথবা MasterCard, ইত্যাদি দিয়ে পরিশোধ করার জন্য ফোন করুন: 0300 790 6044, ফোন করার সময় দয়া করে আপনার কার্ডের বিস্তারিত বিবরণ সামনে রাখবেন।



যে কোনো পেপয়েন্ট (**PayPoint**) দোকানে। নগদ পয়সা দিয়ে অথবা ডেবিট কার্ড দিয়ে কালার টেলিভিশনের পুরো লাইসেন্স ফি পরিশোধ করতে পারবেন।



পোস্টের বা ডাকের মাধ্যমে। 'TV Licensing' এর নামে চেক লিখে সেটির অপর পৃষ্ঠায় আপনার নাম, ঠিকানা এবং পোস্টকোড লিখে নিয়ে পাঠিয়ে দিন। চেক পাঠানোর ঠিকানা হলো: (TV Licensing, Bristol BS98 1TL) দয়া করে নগদ পয়সা পাঠাবেন না।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে অথবা এই প্রচারপত্র বুঝতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে 0300 790 6044 নম্বরে টেলিফোন করুন।



যদি আপনার দৃষ্টিশক্তির সমস্যা থাকে, তাহলে 0300 790 6076 নম্বরে টেলিফোন করে এই তথ্য ই-মেল অথবা ব্রেইল, বড় অক্ষরের ছাপা অথবা অডিও-তে পেতে পারেন। এছাড়াও, যাঁরা বধির অথবা কানে কম শোনেন, তাঁদের জন্য 0300 790 6050 নম্বরে মিনিকম ব্যবস্থা লভ্য।

অনুগ্রহ করে জেনে রাখুন যে টিভি লাইসেন্স সেইভিংস স্ট্যাম্পস কার্ডের পরিবর্তে এখন টিভি লাইসেন্সিং সেইভিংস কার্ড চালু করা হয়েছে। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে এই নাম্বারে ফোন করুন: 0300 555 0282